

শিশু-কিশোরদের সাহায্য করার একটি নতুন পন্থায় স্বাগতম



কমন অ্যাসেসমেন্ট ফ্রেমওয়ার্ক কী?

কমন অ্যাসেসমেন্ট ফ্রেমওয়ার্ক (বা সিএএফ, CAF) হচ্ছে শিশু-কিশোরদের সাথে কাজ করার একটি নতুন পদ্ধতি। এর মধ্যে রয়েছে আপনার শিশুর চাহিদা সম্পর্কে ও আপনার শিশুর জীবনে কী কী ভালভাবে চলছে তা জানতে আপনার ও আপনার শিশুর কথা শোনা।

আপনার এবং আপনার সন্তানের সম্মতির উপর ভিত্তি করে, আপনার শিশুর যথার্থ সহযোগিতা প্রাপ্তি নিশ্চিত করার জন্য, একটি কর্মপরিকল্পনা প্রয়োগ করা হবে।

সিএএফ হল ঐচ্ছিক - আপনার ও আপনার শিশুর অংশগ্রহণ আপনাদের ইচ্ছার উপর নির্ভরশীল।

পিতামাতা ও কেয়ারারদের জন্য একটি বার্তা

যখন কোন শিশুর বাড়তি সহযোগিতার প্রয়োজন হয়, তখন আমরা যথা শীঘ্র সম্ভব সর্বোত্তম উপায়টি খুঁজে পেতে চাই। এই লিফলেটটি আপনার পরিবারকে কেন্দ্রে রেখে আপনার সন্তানের ব্যাপারে সিদ্ধান্তগুলো নিতে সবার একসাথে কাজ করার একটি উপায়ের বিবরণ দেবে।

পরিবারবর্গকে সাহায্য করার নতুন পন্থায় স্বাগতম

সিএএফ কীভাবে আমার পরিবারকে সাহায্য করবে?

আপনার শিশুকে সহায়তা প্রদানে আপনাকে সাহায্য করার জন্য সিএএফ (CAF)-এর সৃষ্টি। এটা বিভিন্ন সমস্যার ক্ষেত্রে দ্রুত সমাধানে পৌঁছাতে বা প্রয়োজনে বাড়তি সহযোগিতা খুঁজে পেতে সহায়তা করবে।

সিএএফ এটা নিশ্চিত করবে যে শিক্ষক-শিক্ষিকা ও স্বাস্থ্য পরিদর্শকরা সহ আপনার শিশুর সাথে সম্পৃক্ত সকল ব্যক্তি আপনার শিশুকে সহায়তা প্রদানে একসাথে কাজ করবেন।

সিএএফ আপনার শিশুকে তার চাহিদার পরিমাণ বেড়ে যাবার আগে চাহিদার প্রাথমিক অবস্থায়ই সঠিক সহায়তা পেতে সাহায্য করবে। যেহেতু সিএএফ হল একটি শেয়ারড অ্যাসেসমেন্ট, সেহেতু আপনি ও আপনার শিশুকে ভিন্ন ভিন্ন কর্মীর কাছে বার বার একই কথা বলতে হবে না।

সিএএফ কখন ব্যবহার করা হয়?

যদি আপনি বা আপনার শিশুর সাথে কাজ করা কোন ব্যক্তির মনে হয় যে আপনার শিশুর কোন বিষয়ে বাড়তি সহায়তার প্রয়োজন, তখন সিএএফ ব্যবহার করা যেতে পারে। এটা আপনাকে আপনার শিশুর বাড়তি চাহিদাগুলো নির্ণয় করতে ও আপনার পরিবারকে সাহায্য করার জন্য অন্যান্য কর্মীদেরকে খুঁজে পেতে সাহায্য করবে।

এটা কীভাবে কাজ করে?

যদি আপনি ও আপনার শিশু সম্মত হোন, তবে একজন কর্মী (ওয়ার্কার) আপনার শিশুর কী কী সাহায্য ও সহযোগিতার প্রয়োজন তা জানতে আপনাকে ও আপনার শিশুকে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করবেন।

এই তথ্যগুলো একটি সাধারণ ফর্মে লিপিবদ্ধ করা আছে। ফর্মে যা কিছুই উল্লেখ করা হবে সে ব্যাপারে আপনার ও আপনার শিশুকে সম্মত হতে হবে, এবং আপনাকে এর একটি কপি দেয়া হবে।

যেসব শিশুরা একটু বড় তারা কর্মীদের সাথে একাই তাদের অবস্থা সম্পর্কে আলোচনা করতে পারবে।

একজন কিশোর বা কিশোরী তার বাবা-মার কাছ থেকে কোন তথ্য গোপন রাখতে চাইলে একজন কর্মী সে ব্যাপারে সম্মান প্রদর্শন করবেন, যদি তা তার নিজের সর্বোচ্চ সুবিধা ও কল্যাণের জন্য হয়ে থাকে।

গোপনীয়তা

আপনি ও আপনার শিশু আমাদেরকে যে তথ্যাবলী প্রদান করবেন তা আইনানুসারে কেবল আপনার পরিবারের সম্মতি নিয়েই অন্য কারো সাথে ভাগাভাগি করা হবে। তবে কিছু পরিস্থিতি এমনও রয়েছে যখন আপনার সাথে যারা কাজ করছেন তাদেরকে তথ্যাবলী শেয়ার করার প্রয়োজন পড়তে পারে।

উদাহরণস্বরূপ:

- যখন তাদেরকে জরুরী ভিত্তিতে জানতে হবে যে কোন শিশু ঝুঁকি বা ক্ষতির মধ্যে রয়েছে কি না;
- ঝুঁকি বা ক্ষতির মধ্যে থাকা কোন শিশুকে সাহায্য করতে;
- যখন কোন প্রাপ্তবয়স্ক ব্যক্তি ঝুঁকি বা ক্ষতির মধ্যে থাকবেন; বা
- গুরুতর কোন অপরাধ প্রতিরোধ বা নির্ণয় করতে।



এর পর কী হবে?

আপনার ও আপনার শিশুর দেয়া তথ্যগুলোর উপর ভিত্তি করে আপনার শিশুর চাহিদা পূরণে সাহায্য করতে করতে পারেন এমন সবাই একসাথে কাজ করবে। আপনার শিশু সম্পর্কে যে সকল কর্মীর জানার দরকার পড়বে কেবল তারাই আপনার শিশুর তথ্যাবলী ভাগাভাগি করতে পারবে।

একজন লিড প্রফেশনাল কে?

যদি কয়েকজন ব্যক্তি আপনার শিশুকে সহযোগিতা প্রদান করেন, তাহলে এদের মধ্যে একজনের 'লিড প্রফেশনাল' হিসেবে নিয়োগ দেয়া হবে। এই ব্যক্তিটি আপনাকে সকল বিষয়ে অবগত রাখবেন, আপনার মতামত শুনবেন এবং আপনাকে সাহায্য করবেন। এই কর্মীটির নাম আপনাকে জানানো হবে এবং তিনি আপনার শিশুকে প্রদান করা সকল পরিষেবার সমন্বয় করবেন। কোন ব্যক্তিটি লিড প্রফেশনাল হবেন তাতে আপনি ও আপনার শিশুর ভূমিকা থাকবে।